

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৭. মাথায় পাগড়ি বা ওড়না থাকলে মাসেহ করার পদ্ধতি কী?

কপাল ও পাগড়ির উপর দিয়ে মাসেহ করতে হবে। পাগড়ি বা ওড়না খোলার প্রয়োজন। নেই। আমর ইবন উমাইয়া (রা) থেকে বর্ণিত, তিনি তার বাবা থেকে বর্ণনা করে বলেন যে, "আমি নবী (স)-কে তার পাগড়ি ও মোজার উপর মাসেহ করতে দেখেছি।" (বুখারী: ২০৫) এমনিভাবে ওযুর ক্ষেত্রে মেয়েরাও তাদের শক্ত করে বাঁধা উড়নার উপর দিয়ে মাথা মাসেহ করতে পারে। এটা জায়েয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12803

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন